

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শৃঙ্খলা বিষয়ক শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

স্মারক নং- ৩৭.০০.০০০০.০৯৫.২৭.৩৪.২০২২. ২৬৬

তারিখ: ২০ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ
০৫ মার্চ ২০২৪ খ্রি.

দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ


যেহেতু, আপনি জনাব মো: মফিজুল ইসলাম, উপসহকারী প্রকৌশলী (সিভিল), শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, রাণীশংকৈল, ঠাকুরগাঁও এর বিরুদ্ধে গত ০৭/১১/২০২২ তারিখ সকাল অনুমানিক ১১.০০ টায় শিক্ষা প্রকৌশলীর কার্যালয়, ঠাকুরগাঁও এর সহকারী হিসাবরক্ষণ কর্মকর্তার অফিস কক্ষে প্রবেশ করে সেখানে অবস্থানরত সহকারী প্রকৌশলী জনাব জয়ন্ত কুমার রায়কে অকথ্য ভাষায় গালি-গালাজ করে এবং তাঁকে শারিরিকভাবে লাঞ্চিত করেন। উক্ত অভিযোগে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩ (খ) অনুযায়ী “অসদাচরণ” এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করা হয়। উক্ত মামলায় আপনাকে কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, আপনি উক্ত নোটিশের জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণের ইচ্ছা ব্যক্ত করায় গত ০৭/০২/২০২৩ তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়। উক্ত জবাব সন্তোষজনক না হওয়ায় আপনার বিরুদ্ধে আনীত অভিযোগের প্রেক্ষিতে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৭(২)(ঘ) অনুযায়ী তদন্তের জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে তদন্তকারী কর্মকর্তা কর্তৃক মতামত প্রদান করা হয়;

যেহেতু, নথিপত্র পর্যালোচনায় এবং তদন্ত প্রতিবেদনের প্রদত্ত মতামতের আলোকে আপনার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩ (খ) অনুযায়ী “অসদাচরণ” এর অভিযোগ প্রমাণিত হওয়ায় উক্ত অভিযোগে দোষী সাব্যস্ত করে আপনাকে গুরুদণ্ড প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়;

সেহেতু, আপনি জনাব মো: মফিজুল ইসলাম, উপসহকারী প্রকৌশলী (সিভিল), শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, রাণীশংকৈল, ঠাকুরগাঁও কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩ (খ) অনুযায়ী “অসদাচরণ” এর অভিযোগ প্রমাণিত হওয়ায় আপনার বিরুদ্ধে গুরুদণ্ড আরোপের সিদ্ধান্ত গৃহীত হওয়ায় একই বিধিমালার ৭(৯) বিধি অনুযায়ী কেন আপনাকে চাকরি হতে বরখাস্ত বা বিধিতে বর্ণিত অন্য কোনো গুরুদণ্ড প্রদান করা হবে না তার জবাব এ নোটিশ প্রাপ্তির ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে প্রেরণ করার জন্য নির্দেশ দেয়া হলো।


০৫/০৩/২৪
(সোলেমান খান)
সচিব

সংযুক্ত: তদন্ত প্রতিবেদনের অনুলিপি ০৬ (ছয়) ফর্দ।

বর্তমান কর্মস্থল:

জনাব মো: মফিজুল ইসলাম, উপসহকারী প্রকৌশলী (সিভিল), শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, তারাকান্দা, ময়মনসিংহ।

স্থায়ী ঠিকানা:

জনাব মো: মফিজুল ইসলাম


পিতা: মো: বাবুল মিয়া

গ্রাম: মহকুত খাঁ, ডাকঘর: নিউ সাহেবগঞ্জ

উপজেলা: সদরর, জেলা: রংপুর।

অনুলিপি:

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ২। সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।


০৫/০৩/২০২৪
(মো: শাহীনুর ইসলাম)
উপসচিব